



Ref. নি.বা/ত্বগাতুর/২২বি২০৭

Date: ২৪/১২/২০২২

বরাবর,  
রেজিস্ট্রার/পরিচালক/প্রিসিপাল,  
ঢাকা সিটি কলেজ।

বিষয়ঃ আন্তর্জাতিক মাতৃভাষা দিবসে প্রকাশের জন্য শিক্ষক ও শিক্ষার্থী নিকট হতে লেখা আহ্বান।  
জনাব,

আমরা অত্যন্ত আনন্দের সাথে জানাচ্ছি যে, “নির্মল বাংলাদেশ” (একটি স্বেচ্ছাসেবী প্রতিষ্ঠান) থেকে সম্পাদিত প্রতিবছর ত্বক্ষণাতুর নামে একটি বার্ষিক সাহিত্য সংকলন প্রকাশিত হয়। সংকলনটিতে শিক্ষার্থীদের মেধা ও মননশীলতা বিকশিত করার লক্ষ্যে, তাদের সৃজনশীল লেখা সমূহের সংকলনে আসন্ন “আন্তর্জাতিক মাতৃভাষা দিবস-২০২৩” উপলক্ষ্যে অমর একুশে ইহ মেলাম প্রকাশিত হতে যাচ্ছে “ত্বক্ষণাতুর” এর ৪৬ বার্ষিক সংকলন। সংকলনটি বিশেষ ভাবে শিক্ষার্থীদের জন্য হওয়ায়, এতে বাংলাদেশের সকল শিক্ষার্থীদের সৃজনশীল লেখা সমূহ স্থান পাবে।

“ত্বক্ষণাতুর”-এর এবারের সংকলনে আপনার প্রতিষ্ঠানের সকল শিক্ষক ও শিক্ষার্থীকে তাদের নিজ নিজ প্রতিষ্ঠানের প্রতিনিধিত্ব করতে আগামী ১০ই জানুয়ারি, ২০২৩ ইং তারিখের মধ্যে সাময়িকীর নির্দিষ্ট ফর্মে (<https://nirmolbd.com/trishnatur/>) লেখা জমা দেওয়ার জন্য আহ্বান জানানো হচ্ছে।

২০২৩ সালে ২য় বারের মত “নির্মল বাংলাদেশ” প্রতিটি ক্যাম্পাসের “সেরা লেখক/লেখিকা” ঘোষণা করা হবে এবং তাদের জন্য থাকবে “ক্রেস্ট” এবং “সার্টিফিকেট” প্রদানের এর ব্যবস্থা। এছাড়াও সংকলনটিতে স্থান প্রাপ্ত সকল লেখক/লেখিকাকে অমর একুশে গ্রন্থ মেলাম সংকলনটির “মোড়ক উন্মোচন” অনুষ্ঠানে “সনদপত্র/সার্টিফিকেট” প্রদান করা হবে। সেই সাথে নির্বাচিত বিশেষ ৩টি লেখাকে “নির্মল বাংলাদেশ সাহিত্য পুরস্কার-২০২৩” ও সম্মাননা সূচক ক্রেস্ট প্রদান করা হবে।

অতএব, লেখা প্রদানের মাধ্যমে “ত্বক্ষণাতুর”-এর মাধ্যমে আপনার প্রতিষ্ঠানের প্রতিনিধিত্ব করার গৌরব অর্জন করুন এবং মেধা বিকাশে শিক্ষার্থীদেরকে সম্পৃক্ত করতে আপনার প্রতিষ্ঠানের যথাযথ কর্তৃপক্ষের সার্বিক সহযোগিতা কামনা করছি।

## নির্মল বাংলাদেশ

ধন্যবদাত্তে,

মোঃ ইউনুচ উদ্দিন মামুন  
সম্পাদক, ত্বক্ষণাতুর  
নির্মল বাংলাদেশ

## নোটিশ

### ত্রঞ্চাতুর- ২০২৩ সংকলনের জন্য লেখা আহ্বান

ত্রঞ্চাতুর হলো নির্মল বাংলাদেশ কর্তৃক প্রকাশিত বার্ষিক সাহিত্য সংকলন। যা গত ২০২০ সালের অমর একুশে গ্রন্থমেলায় প্রথমবারের মত প্রকাশিত হয়। নির্মল বাংলাদেশ বিশ্বাস করে এদেশের প্রতিভাবান তরঙ্গের মধ্যেই আছে আগামীর বাংলাদেশের অমিত সম্ভাবনা। তাই এদেশের তরঙ্গ প্রতিভাবানদের সুপ্ত প্রতিভাকে আরো বিকশিত করতে একই সাথে তাদের মেধাকে দেশীয় এবং আন্তর্জাতিক পরিম্বলে সীকৃতি দিতে নির্মল বাংলাদেশ ত্রঞ্চাতুর (সাহিত্য সংকলন) প্রকাশ করার জন্য উদ্যোগ গ্রহণ করে।

সাহিত্য সংকলনে যে সকল ক্যাটাগরিতে লেখা গ্রহণ করা হবেঃ

- |                   |                                     |
|-------------------|-------------------------------------|
| ১. ছোট গল্প       | ৬. প্রবন্ধ                          |
| ২. কবিতা          | ৭. ক্যারিয়ার ও ক্যাম্পাস           |
| ৩. রাম্য রচনা     | ৮. অভিজ্ঞতা                         |
| ৪. রোমান্টিক গল্প | ৯. স্মৃতিচারণ                       |
| ৫. অমন কাহিনী     | ১০. বিজ্ঞান কল্পকাহিনী/সাইন্স ফিকশন |

ত্রঞ্চাতুরে লেখা জমা দেওয়ার নিয়ম:

- লেখা অবশ্যই বাংলায় হতে হবে।
- লেখা অবশ্যই doc/docx ফর্মেট-এ হতে হবে।
- বাংলা লেখার জন্য ফন্ট হবে: বিজয়/ইউনিকোড/অভি
- লেখাটি অবশ্যই নিজের হতে হবে।
- পূর্বে প্রকাশিত হয়েছে এমন লেখা গ্রহণযোগ্য হবে না।
- লেখার সর্বোচ্চ শব্দসৌমা ১৫০০।

প্রতিটি ক্যাটাগরির লেখা সমূহে অবশ্যই নিম্নের প্রতিপাদ্য বিষয় তৈরোকে ফুটিয়ে তুলবেঃ

- সাম্য ও সমতা
- বাধীনতা ও সংগ্রাম
- আগামীর বিশ্ব

ত্রঞ্চাতুর-২০২২ সংকলনে স্থান প্রাপ্ত সকল লেখার লেখক/লেখিকাদের জন্য পুরক্ষার সমূহঃ

- প্রতিটি ক্যাম্পাস (স্কুল, কলেজ, বিশ্ববিদ্যালয়) থেকে একজনকে “Writer of the Campus” সনদ প্রদান করা হবে।
- নির্বাচিত শ্রেষ্ঠ ৩ জন লেখককে “নির্মল বাংলাদেশ সাহিত্য পুরক্ষার-২০২২” প্রদান করা হবে।
- প্রতিটি লেখক/লেখিকাকে সনদ প্রদান করা হবে।

লেখা জমা প্রদান সম্পর্কিত তথ্যাবলীঃ

- নিম্নের লিংকে লেখা জমা দেওয়ার জন্য অনুরোধ করা যাচ্ছে:

<https://nirmolbd.com/trishnatur/>

- লেখা জমা দেওয়ার শেষ সময়ঃ **১০ই জানুয়ারী, ২০২৩, রাত ১০টা।**
- নির্বাচিত লেখক বা লেখিকার তালিকা ঘুর্কাশঃ ১৫-ই জানুয়ারী, ২০২৩।
- সভায় মোড়ক উন্মোচন ও পুরক্ষার বিতরনঃ ২১ই ফেব্রুয়ারী, ২০২৩ বিকাল ৩:৩০ টা, স্থানঃ বাংলা একাডেমি প্রাঙ্গন।

ধন্যবদাত্তে,

মোঃ ইউনুচ উদ্দিন মামুন  
সম্পাদক, ত্রঞ্চাতুর  
নির্মল বাংলাদেশ

ত্রঞ্চাতুর বিষয়ক তথ্যের জন্য যোগাযোগঃ

মোঃ আলমগীর হোসেনঃ ০১৮২০-৫৩৪৩৩৩

শেখ ফাহিম ফয়সাল সৌরভঃ ০১৯৮৬-৭৬১৭৪১

ই-মেইলঃ [nirmol.bd.info@gmail.com](mailto:nirmol.bd.info@gmail.com)

[trishnatur@nirmolbd.com](mailto:trishnatur@nirmolbd.com)